ঝিনাইদহে ভূমি ও গৃহহীন পরিবারকে জমি ও গৃহ প্রদান বিষয়ক মতবিনিময় সভা

মুজিববর্ষ উপলক্ষে ঝিনাইদহে প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক ভূমিহীন ও গৃহহীন পরিবারকে জমি ও গৃহ প্রদান বিষয়ক প্রেস ব্রিফিং ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার দুপুর ১২টায় সারাদেশেরে সাথে একযোগে ঝিনাইদহ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলায় কর্মরত সাংবাদিকদের নিয়ে এই সভা অনুষ্ঠিত হয়।
জেলা প্রশাসক সরোজ কুমার নাথের সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আরিফুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সেলিম রেজা।
মতবিনিময় সভায় ঝিনাইদহ প্রেস ক্লাবের সভাপতি এম রায়হান, সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপু, সিনিয়র সাংবাদিক মিজানুর রহমানসহ জেলায় কর্মরত ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় কর্মরত সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।
প্রেস ব্রিফিংয়ে জেলা প্রশাসক সরোজ কুমার নাথ জানান, মুজিববর্ষ উপলক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক এ পর্যন্ত জেলার ৬টি উপজেলায় ২৪৯ টি ভূমিহীন ও গৃহহীন পরিবারকে জমি ও গৃহ প্রদান করা হয়েছে। আগামী ২৩ তারিখে তাদের এই জমির দলিল ও গৃহ আনুষ্ঠানিক ভাবে হস্তান্তর করা হবে।

জীবননগরে দুস্থ পরিবারের মাঝে টিউবওয়েল বিতরণ কর্মসূচির উদ্বোধন

জীবননগরে দুস্থ অসহায় ১২টি পরিবারের মাঝে টিউবওয়েল বিতরণের মধ্য দিয়ে কর্মসূচির উদ্বোধন করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার বেলা সাড়ে ১২টার সময় জীবননগর উপজেলার হাসাদহ ইউনিয়নের মাধবপুর মাদরাসা মাঠে

দোস্ত এইডের উদ্যোগে এবং শিকড় সমাজকল্যাণ সংস্থার বাস্তবায়নে ১২টি পরিবারের মাঝে টিউবওয়েল বিতরণ করা হয়।

শিকড় সমাজকল্যাণ সংস্থার চুয়াডাঙ্গা জেলা কমিটির সাধারণ সম্পাদক মিঠুন মাহমুদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে টিউবওয়েল বিতরণ কর্মসূচির উদ্বোধন করেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এসএম মুনিম লিংকন, জীবননগর ডিগ্রী কলেজের সাবেক উপাধ্যক্ষ নজরুল ইসলাম, সাংবাদিক চাষী রমজানসহ শিকড় সমাজকল্যাণ সংস্থার জীবননগর উপজেলা শাখার সভাপতি তুহিনুজ্জামান, সাধারণ সম্পাদক লাবনী, সদস্য মফিজুল ইসলাম, সাদিয়া, তনু, আখী, রমজান হোসেন, জোসনা খাতুন উপস্থিত ছিলেন।
জীবননগর উপজেলায় পর্যায়ক্রমে ১হাজার অসহায় হতদরিদ্রদের মাঝে এ টিউবওয়েল বিতরণ করা হবে।
উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন হুসাইন আহম্মেদ।

কুষ্টিয়ায় নকল ব্যান্ডরোলযুক্ত ৪০ হাজার বিড়ি জব্দ

কুষ্টিয়ার ভেড়ামারায় ৪০ হাজার শলাকা নকল ব্যান্ডরোলযুক্ত বিড়ি এবং ৭৩২০ পিস নকল ব্যান্ডরোল জব্দ করেছে কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কুষ্টিয়া সার্কেল-২। ১৭ জানুয়ারি (রবিবার) জেলার ভেড়ামারা উপজেলার উত্তর ভবানীপুর থেকে এগুলো জব্দ করা হয়।
কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কুষ্টিয়া সার্কেল-২ সূত্রে জানা গেছে, ভেড়ামারা উপজেলাধীন উত্তর ভবানীপুর এলাকা হতে নকল ব্যান্ডরোলযুক্ত নিশান বিড়ি ও নকল ব্যান্ডরোল সুকৌশলে দেশের অভ্যন্তরে বিভিন্ন এলাকায় পৌঁছে দেওয়া হচ্ছে। এ সংবাদের ভিত্তিতে কাস্টমস কর্মকর্তারা ওই এলাকায় অভিযান পরিচালনা করে। এ সময় একটি বাড়ি তল্লাশি করে ভ্যাট কর্মকর্তারা। সে বাড়ি থেকে

প্রায় ৪০ হাজার শলাকা নকল ব্যান্ডরোলযুক্ত নিশান বিড়ি ও ৭৩২০ পিস নকল ব্যান্ডরোল জব্দ করা হয়। যার বিপরীতে ৭২ হাজার ২৫২ টাকার রাজস্ব জড়িত রয়েছে।
পরবর্তীতে জব্দকৃত বিড়ি ভেড়ামারা সার্কেল দপ্তরে নিয়ে আসা হয়। উক্ত জব্দকৃত মালামালের বিপরীতে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।
উল্লেখ্য, আটককৃত নিশান বিড়ি ফ্যাক্টরিটির ভ্যাট নিবন্ধন ইতোপূর্বে বাতিল করা হয়েছিল। তারপরও উক্ত প্রতিষ্ঠানটি গোপনভাবে বিড়ি উৎপাদন করে বিড়ির প্যাকেটে নকল ব্যান্ডরোলযুক্ত করে সরকারি রাজস্ব ফাঁকি দিয়ে দেশের বিভিন্ন স্থানে বিড়ি সরবরাহ করে আসছিলো।

সমাধান হয়নি দৌলতপুরের আকিজ বিড়ি কারখানার মালিক-শ্রমিক সমস্যার

গত ৯ জানুয়ারি, মজুরী বৃদ্ধি, কর্মঘণ্টা নির্ধারণ,কর্ম পরিবেশ নিশ্চিতকরণসহ কয়েকদফা দাবিতে কুষ্টিয়ার দৌলতপুরে বিক্ষোভ করেন আকিজ বিড়ি কারখানার শ্রমিকেরা।
কারখানা কর্তৃপক্ষ-প্রশাসন ও স্থানীয় জনপ্রতিনিধিদের মধ্যস্থতায় শিগগিরই সমাধানের অঙ্গীকারে সেদিন ঘরে ফেরেন আন্দোলনরত শ্রমিকরা।
এদিন শ্রমিক অসন্তোষ সামলাতে ফাঁকা গুলিও ছোড়ে দৌলতপুর পুলিশ, এ সময় আহত হন অন্তত ৫জন। অঙ্গীকারের সপ্তাহ দুয়েক পার হলেও পরবর্তীতে কারখানা কর্তৃপক্ষের পক্ষে কোন বার্তা পাননি বলে অভিযোগ শ্রমিকদের। দিনমজুর পরিবারগুলো দিন কাটাচ্ছেন অনিশ্চয়তা আর হতাশা নিয়ে।
অনেকেই অভাবে আছেন দু’বেলা পেট পুরে খাওয়ার। শ্রমিকদের সাথে কারখানা কর্তৃপক্ষের দুর্ব্যবহারের ক্ষোভও প্রকাশ করেন অনেকেই। গণমাধ্যমের কাছে এসব বক্তব্য তুলে ধরেন স্থানীয় বিড়ি শ্রমিকেরা। আরেক দিকে শিগগিরই সমাধান না হলে ২৪ জানুয়ারি কঠোর আন্দোলনে

যাওয়ার হুশিয়ারি দিয়েছেন শ্রমিক নেতারা। আন্দোলনের প্রস্তুতি চলছে বলে জানিয়েছেন আন্দোলনকারীদের অন্যতম নেতা বিল্লাল হোসেন। তবে, শ্রমিকদের দাবি মেনে নেয়া বা পুনরায় কারখানা চালুর প্রসঙ্গে কথা বলতে গেলে গণমাধ্যমকে এড়িয়ে যান সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। কোন প্রকার তথ্য দিয়ে সহযোগীতা করেননি তারা। কারখানায় দায়িত্বরতদের অস্বাভাবিক আচরণ আর অসহযোগিতা প্রশ্নবিদ্ধ করে তাদের ভূমিকাকে। দৌলতপুরে আন্দোলনকারীদের ঘরে ফেরাতে অংশ নেয়া দৌলতপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান অ্যাডভোকেট এজাজ আহম্মেদ মামুন এবং সহকারী কমিশনার (ভূমি) আজগর আলী জানান, আমরা সকল পক্ষের সাথে কথা বলেছি, আরও আলাপের প্রয়োজন। অ্যাডভোকেট আ.কা.ম সরওয়ার জাহান বাদশাহ এমপি দেশে ফিরলে আশা করছি বিষয়টি চূড়ান্ত সমাধানে পৌঁছাবে। শিগগিরই তাঁর দেশে ফেরার কথা রয়েছে।

পোড়াদহ রেলওয়ে জংশনে যাত্রীদের মাঝে মাস্ক বিতরণ

কুষ্টিয়ার পোড়াদহ রেলওয়ে জংশন স্টেশনে যাত্রী সাধারণের মাঝে ফ্রি মাস্ক বিতরণ করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার সাফ’র আয়োজনে এসব মাস্ক বিতরণ করা হয়।

মাস্ক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পোড়াদহ রেলওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খন্দকার জসিম উদ্দিন।

সাফ’র নির্বাহী পরিচালক মীর আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সহকারী স্টেশন মাস্টার তাওলাদ হোসেন, আরএনবি এর হাবিলদার আতিকুর রহমান, এএসআই সাইফুল ইসলাম। সাফ’র নির্বাহী পরিচালক মীর আব্দুর রাজ্জাক জানান, “প্রতিরোধ নিরাময়ের চেয়ে ভালো” বাহিরে যখনই যাই, মাস্ক যেন ব্যবহার করি সবাই এ সেø◌াগানকে সামনে রেখে পোড়াদহ জংশনের চারটা প্লাটফরমে অবস্থানরত যাত্রী সাধারণ ও পথচারীদের মাঝে পাঁচ শতাধিক মাস্ক বিতরণ করা হয়।

মেহেরপুরে প্রথম ধাপে ২৬ দুস্থ পরিবার পাচ্ছেন নতুন ঠিকানা

এম এফ রুপক:
প্রধানমন্ত্রীর উপহার স্বরুপ মুজিব জন্মশতবর্ষে আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় ৯ লাখ ভূমিহীন-গৃহহীন পরিবার পাচ্ছে সেমিপাকা টিনশেড ঘর। সারা দেশে ৬৪ জেলার তৃণমূল পর্যায়ে তালিকা করে ছিন্নমূল ও দুস্থ পরিবারকে এ ধরণের বিশেষ ঘর দেওয়া হচ্ছে। প্রথম ধাপে ২৩ জানুয়ারি ৬৯ হাজার ৯শ ৪ পরিবারকে হস্তান্তর করা হবে। সমগ্র বাংলাদেশে একযোগে ভার্চুয়াল মাধ্যমে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘর হস্তান্তর উদ্বোধন করবেন।

মেহেরপুর জেলায় আশ্রয়ণ প্রকল্প-২ এর আওয়াত ক তালিকা ভুক্ত প্রথম ধাপে ২৬ টি ভূমিহীন-গৃহহীন পরিবার পাচ্ছে এই ঘর। যদিও ২৮ টি ঘর হস্তান্তরের কথা ছিল। কিন্তু জমি সংক্রান্ত জটিলতায় গাংনীতে ২টি ঘর সম্পন্ন করা সম্ভব হয়নি। তবে খুব শীঘ্রই এই সমস্যার অবসান হবে বলে জানান জেলা প্রশাসক।

মেহেরপুর সদরে ১৬টি, গাংনী উপজেলায় ৬টি ও মুজিবনগর উপজেলায় ৪টি। “আশ্রয়ণের অধিকার-শেখ হাসিনার উপহার” এই স্লোগানে মেহেরপুর জেলায় ভূমি ও গৃহহীন মানুষের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার আবাসন উপহার হিসেবে দেয়া খাস জমিতে গৃহ নির্মাণের কাজ করছে মেহেরপুরের তিন উপজেলা প্রশাসন। মুজিব শতবর্ষ উপলক্ষে প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী ভূমি ও গৃহহীন পরিবারের জন্য দিনরাত পরিশ্রম করে গৃহ নির্মাণ করছে প্রশাসন। নিয়মিত খোঁজ খবর রাখছেন মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

মেহেরপুর জেলায় ১২৩ জন ভূমিহীনদের তালিকা থেকে প্রথম ধাপে ২৬ জন ঘর পাবে আগামী ২৩ জানুয়ারি। এছাড়াও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এর নিজস্ব উদ্যোগে আরও কিছু ভূমিহীন পরিবার ঘর পাবে বলে জানান জেলা প্রশাসক।

এ বিষয়ে গতকাল বৃহস্পতিবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে

মেহেরপুরে হেরোইনসহ যুবক আটক, ভ্রাম্যমাণ আদালতে জেল

মেহেরপুর শহরের বাসস্ট্যান্ড এলাকা থেকে শামিমুল বিশ্বাস রাজা
(২০) নামের এক যুবককে হেরোইনসহ আটক করা করেছে মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তর মেহেরপুর শাখা।

বৃহস্পতিবার বিকালে মেহেরপুর মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আব্দুল মান্নান’র নেতৃত্বে বাসস্টান্ড এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। আটক শামিমুল বিশ্বাস রাজা মেহেরপুর বোস পাড়ার মাসুদ বিশ্বাসের ছেলে। এসময় ভ্রাম্যমাণ আদালতে তাকে তিন মাসের সশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। এছাড়াও আরও ১’শ টাকা জরিমানা করা হয়েছে। ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মাসুদুল আলম।

এ সময় তিনি বলেন, ভ্রাম্যমাণ আদালাত বসিয়ে শামিমুল বিশ্বাস কে মোবাইল কোট আইনে ২০০৯এর ৭/(২)ধারায় ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন এর ২০১৮ এর ০৯/(১) সারণির ১৬ ধারা মোতাবেক হিরোইন রাখার অপরাধে ৩ মাসের কারাদণ্ডসহ একশত টাকা জরিমানা করা হয়েছে। এসময় উদ্ধারকৃত হিরোইন গুলো আগুনে পুড়িয়ে বিনষ্ট করা হয়েছে।

মুজিববর্ষে ভূমিহীনদের ঘর হস্তান্তর বিষয়ে প্রেস ব্রিফিং

মুজিব শতবর্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারকে জমি ও গৃহ হস্তান্তর বিষয়ে সাংবাদিকদের সাথে প্রেস ব্রিফিং করেছেন জেলা প্রশাসক। বৃহস্পতিবার ১২ টার দিকে সারা বাংলাদেশের ন্যায় মেহেরপুরেও জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়। জেলা

প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান এর সভাপতিত্বে প্রেস ব্রিফিংয়ে বক্তব্য দেন, স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক মৃধা মোহাম্মদ মোজাহিদুল হক, অতিরিক্ত জেলা প্রশাসক তৌফিকুর রহমান।

জেলা প্রশাসক বলেন, আশ্রয়নের অধিকার, শেখ হাসিনার উপহার। এই স্লোগান সামনে রেখে আগামী ২৩ জানুয়ারি প্রথম ধাপে মেহেরপুর জেলায় ২৬ টি ভূমিহীন পরিবারকে জমিসহ ঘরের চাবি হস্তান্তর করা হবে। জেলার তিনটি উপজেলায় একযোগে এই কার্যক্রমটি একযোগে করা হবে। এর আগে একই দিনে সকালে সাড়ে ১০ টায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গন ভবন থেকে ভার্চুয়াল কনফারেন্সে ঘর হস্তান্তর উদ্বোধন করবেন।

এসময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) তুষার কান্তি পাল, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট হাফিজ-আল-আসাদ, আর ডি সি কাজী অনিক ইসলাম, সহকারী কমিশনার নাহিদ হোসেন জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আজম, সাধারণ সম্পাদক মাহবুব চান্দু, মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, সিনিয়র সাংবাদিক রুহুল কুদ্দুস টিটু, রফিকুল আলম, মিজানুর রহমান মিজান সহ দুই প্রেসক্লাবের সাংবাদিকরা।

আলুর পরিচর্যা ও কর্তনে ব্যস্ত সময় পার কারছে কালীগঞ্জের চাষীরা

তানজির রহমান,

মাঠজুড়ে শোভা পাচ্ছে আলুর চাষ। আর এই আলুর পরিচর্যায় পাখি ডাকা ভোর থেকে শুরু করে সন্ধ্যা পর্যন্ত চাষীরা আলুর জমি পরিচর্যায় ব্যস্ত সময় পার করছেন। আবহাওয়া অনুকূলে থাকায় আলুর চাষ ভালো হওয়ার কথা জানায় কৃষি বিভাগ।

ঝিনাইদহের প্রতিটা উপজেলার মাঠে মাঠে আলু পরিচর্যায় ব্যস্ত সময়

পার করছে চাষিরা। শীতের মৌসুমে কালীগঞ্জের চাষিরা আলুর চাষ এবং আলুর পরিচর্যায় ব্যস্ত সময় পার করছেন। শুধু নিজের পরিবারের চাহিদা মেটানোর জন্য আলু চাষে ব্যস্ত নয় চাষীরা। বাণিজিক ভাবে চাষ হচ্ছে এই আলুর। জেলার চাহিদা মিটিয়ে আলু সরবারাহ হচ্ছে রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে। আবহাওয়া অনুকূলে থাকায় আলুর চাষ ভালো হওয়ায় তারা উৎপাদন খরচ মিটিয়ে আলু বিক্রয় করে লাভের মুখ দেখার আসায় আলু চাষী এবং ব্যবসায়ীরা। এই অঞ্চলে কাডিনাল (লাল), ডায়মন্ড (সাদা) ও এস্টরিক জাতের আলু উৎপাদন হয়।
বারোবাজার এলাকার ঝনঝনানিয়া গ্রামের চাষী মুকুল হোসেন জানান, তিনি প্রায় ২ বিঘা জমিতে আলু চাষ করেছে। উচ্চ দামে আলু বীজ ক্রয় করে আলু রোপণ করা হয়েছে। শুরুতেই আলুর গাছের পরিপক্বতা দেখে খুব ভাল মনে হচ্ছে। ধারনা করা হচ্ছে এবার গতবারের চেয়ে লাভের অংক একটু বেশি হবে।

কৃষি বিশেষজ্ঞরা বলেন, এই আবহাওয়া অব্যাহত থাকলে এবার আলুতে লেট ব্লাইট সহ অন্য কোনো রোগবালাই হওয়ার আশঙ্কা নেই।

কালীগঞ্জ উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা হুমায়ূন কবির জানান, উপজেলার আলু চাষিরা এখন নিবিড় পরিচর্যায় ব্যস্ত রয়েছে। উপজেলায় প্রায় এলাকায় এবার আলুর চাষ ভাল হয়েছে। তাছাড়াও এবার বৈরি আবওহায়া না হওয়ায় চালু চাষিরা বাড়তি সুবিধা পাচ্ছে।এবছর উপজেলার ১১০ হেক্টর জমিতে আলু চাষ হয়েছে। এবং উৎপাদন লক্ষমাত্রা ধরা হয়েছে প্রায় ৩০ টন।

শনিবার চুয়াডাঙ্গার গৃহহীনরা পাচ্ছে প্রধানমন্ত্রীর ঘর

আগামী ২৩ জানুয়ারি চুয়াডাঙ্গা জেলার ১৩৪টি পরিবারকে প্রধানমন্ত্রীর ঘর উপহার দেয়া হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সের মাধ্যমে উপকারভোগিতের ঘরের চাবি হস্তান্তর করবেন। বৃহস্পতিবার দুপুরে চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে বিষয়টি জানানো হয়। জেলা প্রশাসক